হালাল পণ্য রপ্তানি বাংলাদেশের জন্য একটি সম্ভাবনাময় খাত। আমাদের হালাল পণ্যের বাজার মধ্যপ্রাচ্য, ইউরোপ ও উত্তর আমেরিকার মেজর মুসলিম Diaspora সমৃদ্ধ দেশসমূহ এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার মুসলিম প্রধান দেশসমূহ। বাংলাদেশ থেকে এখন হাতেগোনা কয়েকটি কোম্পানি– যার মধ্যে Bengal Meat Processing, Pran Group, Akij, Square, Golden Harvest Ges Ahamdullah Agro Foods– হালাল পণ্য রপ্তানি করে। আমাদের হালাল পণ্য রপ্তানি মূলত বেসরকারি উদ্যোগে শুরু হয়েছে এবং ২০০৭ সাল থেকে আনুষ্ঠানিক হালাল সার্টিফিকেশনের শুরু হয়েছে। প্রথম পর্যায়ে ইসলামিক ফাউন্ডেশন JAKIM মালয়েশিয়ার সহায়তায় ২০১১ সাল থেকে হালাল সনদ দিচ্ছে, অপরদিকে OIC/SMIIC-এর অনুমোদন নিয়ে ২০২২ সাল থেকে BSTI হালাল সনদ দিচ্ছে। হালাল সনদ প্রদানের জন্য একক ও মানসম্মত (Unified and Standardized) হালাল সার্টিফিকেশন অথরিটি না থাকায়, Accredited হালাল ল্যাব না থাকায় এবং বর্তমানে দুইটি প্রতিষ্ঠান হালাল সনদ প্রদান করায় বাংলাদেশের Country Branding হচ্ছে না এবং হালাল সনদ পেতে উদ্যোক্তাদের সময় ও অর্থ বেশি লাগছে। যেহেতু আমাদের হালাল Journey বেশি পুরনো নয় এবং বিষয়টি জাতীয় পর্যায়ে ব্যাপকভাবে আলোড়ন সৃষ্টি করেনি, তাই এ খাতে অবকাঠামো, কারিগরি ও দক্ষ জনবলের সীমাবদ্ধতা রয়েছে। বাংলাদেশের রপ্তানি বহুমুখীকরণের অমিত সম্ভাবনাময় খাত হালাল পণ্য ও সেবা রপ্তানিকে সফলভাবে কাজে লাগানোর জন্য আমাদের সরকারি-বেসরকারি পর্যায়ে এ বিষয়ে সচেতনতা গড়ে তুলতে হবে। হালাল পণ্য উৎপাদন ও রপ্তানি বৃদ্ধিকে আমাদের জাতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে এ খাতে পর্যাপ্ত বিনিয়োগ করতে হবে। হালাল সংশ্লিষ্ট সমুদয় কাজে বাংলাদেশকে Branding করার জন্য একটি স্বতন্ত্র ও একক বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি গঠন করে এর মাধ্যমে হালাল সনদ প্রদানসহ অন্যান্য সব কাজ সমন্বয় করতে হবে। বর্তমানে আমরা যেসব দেশে হালাল পণ্য রপ্তানি করছি, সেসব দেশে হালাল পণ্য রপ্তানি বৃদ্ধির জন্য উপযুক্ত হালাল সনদ ও Accredited ল্যাবের ব্যবস্থা করতে হবে। দক্ষিণ-পূর্ব এশিয়ার মুসলিম দেশ, বিশেষ করে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, মালদ্বীপ, GCC-ভুক্ত দেশসমূহ (সৌদি আরব, টঅউ, কাতার) এবং ইউরোপ ও উত্তর আমেরিকার মুসলিম Diaspora সমৃদ্ধ দেশসমূহের প্রয়োজনীয় Requirement অনুযায়ী আমাদের হালাল সনদের Mutual Recognition Agreement (MRA) করতে হবে। আমাদের সরকারি-বেসরকারি পর্যায়ে Accredited ল্যাব স্থাপন ও হালাল সেক্টরে প্রয়োজনীয় জনবল তৈরির জন্য মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, OIC/SMIIC, UAE ও সৌদি হালাল কর্তৃপক্ষের সহযোগিতা গ্রহণ করতে হবে। হালাল পণ্য রপ্তানির জন্য সংশ্লিষ্ট HS Code থেকে Halal Code তৈরীর উদ্যোগ নিতে হবে। হালাল পণ্যের প্রচার বাড়াতে আমাদের জাতীয় ও আন্তর্জাতিক মেলা আয়োজন এবং বিভিন্ন দেশে আয়োজিত আন্তর্জাতিক হালাল মেলায় অংশগ্রহণ করতে হবে। আমাদের শিল্প, বাণিজ্য, পররাষ্ট্র, ধর্ম, অর্থ ও পরিকল্পনা এবং অন্যান্য সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান পর্যায়ে সমন্বিত উদ্যোগ ও সাপোর্টিভ জাতীয় হালাল নীতিমালা প্রণয়নের মাধ্যমে একটি হালাল ইকোসিস্টেম গড়ে তুলতে হবে। হালাল পণ্য উৎপাদন ও রপ্তানিতে যারা বিনিয়োগ করবে তাদের জন্য ১০ থেকে ১৫ বছরের একটি পলিসি সার্পোট ও ইনসেনটিভ প্লান থাকার প্রয়োজন রয়েছে এবং আমাদের সামগ্রিক

সক্ষমতা বিবেচনায় নিয়ে সুনির্দিষ্ট লক্ষ স্থির করে ২০৩৪ এবং ২০৪০ মেয়াদে একটি ভিশন প্লান করা যেতে পারে।

ভূমিকা:

বাংলাদেশ বিশ্বের তৃতীয় মুসলিম প্রধান জনসংখ্যার দেশ এবং এদেশের ১৮০ মিলিয়ন জনসংখ্যার প্রায় ৯১% মুসলিম। ১৯৯০ এর দশকের শুরু থেকে Export led Growth উদ্যোগের পর বাংলাদেশের অর্থনীতি ক্রমান্বয়ে এগিয়ে চলছে, তবুও সীমিত সম্পদের এই দেশে আমাদের বিপুল কর্মক্ষম জনগোষ্ঠীকে কাজে লাগানো এখনো একটি বড় চ্যালেঞ্জ। বর্তমান সরকার ২০৩৪ সালে বাংলাদেশকে ১ ট্রিলিয়ন ডলারের অর্থনীতিতে রূপান্তর করতে চায়, পাশাপাশি কর্মসংস্থান সৃষ্টি করতে চায় ১০ মিলিয়ন লোকের। আমাদের দেশের কর্মসংস্থানের গতি বৃদ্ধি ও সুষম অর্থনৈতিক উন্নয়নের জন্য ম্যানুফ্যাকচারিং খাতের কার্যকর বিকাশের জন্য আমাদের স্থানীয় বাজারের চাহিদা পূরণের পাশাপাশি আন্তর্জাতিক বাজারে প্রবেশের নিরন্তর চেষ্টা চালিয়ে যেতে হবে। LDC graduation হলে আমাদের ম্যানুফ্যাকচারিং সেক্টরের বিদ্যমান অনেক সুবিধা কমে যাবে এবং আমাদের প্রতিযোগী দেশসমূহের সাথে প্রতিযোগিতা করে আন্তর্জাতিক বাজারে আমাদের অবস্থান বাড়াতে হবে। আমরা যদি আমাদের সামগ্রিক রপ্তানির দিকে তাকাই, তা হলে দেখা যায়, আমরা বর্তমানে ৪৮ বিলিয়ন মার্কিন ডলার রপ্তানি করছি, যার মধ্যে ৩৮.৫ বিলিয়ন ডলার শুধুমাত্র RMG সেক্টর থেকে আসছে। যার পরিমাণ প্রায় ৮২%। বিশ্ব রপ্তানি বাজারে বড় আকারে প্রবেশের জন্য আমাদের Export Diversification খুবই জরুরি। এ লক্ষ্যকে সামনে রেখে সরকার Export Diversification-এর দিকে অধিকতর গুরুত্ব দিয়ে ১৪টি সেক্টর ঠিক করেছে, কিন্তু এ তালিকায় হালাল পণ্য/সেবা খাতকে অন্তর্ভুক্ত করা হয়নি, তবে হালাল খাদ্য পণ্য রপ্তানিতে ১০% ক্যাশ ইনসেনটিভ রয়েছে।

আমরা যদি বৈশ্বিক চাহিদা ও আমাদের Comparative Advantage বিবেচনা করি, তাহলে আমাদের ভবিষ্যৎ রপ্তানি সম্ভাবনাময় খাত সমূহকে নিম্নোক্তভাবে সাজাতে পারি:

a) Food & Agro processing; b) Pharmaceutical, Medical device and Biotechnology; c) Halal Economy/Halal product; d) Next Generation RMG and Technical Textile; e) Electronics & Electrical Components & Equipment; f) Light Engineering & Machinery; g) ICT, AI, Software and Digital Services; h) Leather, Footwear & Lifestyle products; i) Furniture and wood-based industries; j) Ship building and Blue Economy.

হালাল Industry Grow করার ক্ষেত্রে নতুন করে কোন Production House বা Capital Investment দরকার নেই। দরকার শুধু পদ্ধতিগত Compliance অনুসরন করা। যেহেতু দেশের Manufacturing Sector



প্রসার ঘটানোতে একটু বেগ পেতে হচ্ছে, কারণ আমাদের Gas & Electricity এর স্বল্পতা রয়েছে। আবার Access to Finance এর সীমাবদ্ধতা আর High Interest rate বিদ্যমান আছে। পক্ষান্তরে হালাল শিল্প খাতের জন্য Extra খুব বেশি Investment দরকার হয় না। যেহেতু দেশে হালাল পণ্যের বড় স্থানীয় বাজার এবং বিদেশে রপ্তানির বিরাট সুযোগ রয়েছে, সেহেতু এ Sector-এ নজর দেওয়া খুবই জরুরী।

বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) ২০১৯ সাল থেকে লাইট ইঞ্জিনিয়ারিং ও হালাল খাতের বিকাশের জন্য কাজ শুরু করেছে। হালাল সার্টিফিকেট প্রদানের বিষয়ে ইসলামি ফাউন্ডেশন এর সাথে ইঝঞও কেও সম্পৃক্ত করার বিষয়ে বিসিআই সভাপতি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। বিসিআই ২০২৫ সালে অটোমোবাইল, এগ্রোমেশিনারী ও লাইট ইঞ্জিনিয়ারিং নিয়ে বছর ব্যাপী কাজ করেছে। "Automobiles and Agro-machinery Fair, 2025 - Road to made in Bangladesh" শীর্ষক দুই দিনের মেলা আয়োজন করেছে এবং মেলা শেষে এ তিনটি খাতকে পরিপূর্ণ বিকাশের বিষয়ে একটি বিস্তারিত প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে ও সংস্থা সমূহে পেশ করেছে। বিসিআই গত ১৭-০১-২০২৬ তারিখ বাংলাদেশে হালাল পণ্যের সম্ভাবনা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করার জন্য সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি স্টেকহোল্ডারদের নিয়ে আমরা একটি গোল-টেবিল আলোচনা সভার আয়োজন করে এবং ঐ সভায় উপস্থিত সকলে মতামত দেন যে, আমাদের হালাল পণ্যের ক্ষেত্রে প্রথমে Export-কে গুরুত্ব দিতে হবে। গোল টেবিল বৈঠকের পর সকলের মতামত নিয়ে একটি খসড়া প্রতিবেদন তৈরী করা হয়। এরই ধারাবাহিকতায় বিষয়টি আরও গভীরভাবে পর্যালোচনা এবং সরকারের Export Diversification উদ্যোগকে স্বাগত ও সময়োপযোগী বিবেচনায় নিয়ে "Halal for Export Diversification" নামে দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। এ কর্মশালায়ও সরকারি-বেসরকারি পর্যায়ে সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারগণ অংশগ্রহণ করে তাদের মূল্যবান মতামত তুলে ধরেছেন। গোল-টেবিল

আলোচনা ও কর্মশালায় সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামতকে এ প্রতিবেদন প্রণয়নে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হয়েছে।

২. গ্লোবাল হালাল পণ্য উৎপাদন ও বাজার পরিস্থিতি:

আস্থা, স্বাস্থ্যবিধি, নৈতিকতা ও গুণগত মানের নিশ্চয়তার জন্য বিশ্বব্যাপী ২বিলিয়ন মুসলিম সহ অন্য ধর্মের বিশ্বাসীরাও হালাল পণ্যের দিকে ঝুঁকছে। আধুনিক হালাল ইন্ডাস্ট্রি ধর্মীয় অনুশাসন প্রতিপালনের পাশাপশি আন্তর্জাতিক ভাবে স্বীকৃত পণ্যের মান, Farm to Fork Traceability এবং টেকসই ও Responsible Business কে গুরুত্ব দেয়। হালাল পণ্যের জন্য Procurement, Manufacturing, Logistics and Distribution প্রতিটি পর্যায়েই শরিয়া Standard and Technical Standard অনুসরণ করতে হয়।

২০২৬ সালের তথ্য অনুযায়ী হালাল পণ্যের বৈশ্বিক চাহিদা ৫.২ ট্রিলিয়ন ডলার। ২০৩৪ সালে এ চাহিদার পরিমাণ ৯.৪৫ ট্রিলিয়ন ডলার হতে পারে বলে প্রজেকশন রয়েছে। বর্তমানে হালাল পণ্যের চাহিদার Annual Compound Growth হল ১২.৪২% এবং চাহিদার মাত্র ২০% পণ্য এখন পর্যন্ত বাজারে আসতে পেরেছে (Source: Halal Industry Master Plan 2030, Malayasia)। হালাল পণ্যের স্থানীয় বাজারে চাহিদা সৃষ্টির অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে ইন্দোনেশিয়া, সকল পণ্যের জন্য হালাল সনদ বাধ্যতামূলক করে ২৭৯ বিলিয়ন ডলারের স্থানীয় বাজার তৈরি করেছে। ১৮০ মিলিয়ন জনসংখ্যার প্রায় ৯১% মুসলিম জনসংখ্যার দেশে হালাল পণ্যের স্থানীয় বাজার ১২৫ বিলিয়ন ডলার মূল্যমানের। বিশ্বের তৃতীয় মুসলিম জনসংখ্যার দেশ হিসাবে হালাল পণ্য উৎপাদনে বাংলাদেশ ব্র্যান্ডিং একটি উল্লেখযোগ্য সহায়ক অনুষঙ্গ হতে পারে। হালাল ইকোসিস্টেমের গুরুত্বপূর্ণ অংশীজন হল সরকার, সার্টিফিকেশন Bodies, উৎপাদনকারীগণ, Logistics providers and consumers। হালাল সার্টিফিকেশনের জন্য পণ্য উৎপাদনকারী কর্তৃক আবেদন, গ্রহণকারী কর্তৃক ডকুমেন্ট যাচাই, উৎপাদন প্রক্রিয়া সরেজমিন যাচাই ও অডিট এবং কমপ্লায়েন্স পূর্ণ হলে সার্টিফিকেট প্রদান করা হয়।

হালাল পণ্যের চাহিদা বর্তমানে দক্ষিণ পূর্ব এশিয়ার দেশ সমূহ, মধ্য প্রাচ্য এবং আফ্রিকান দেশ সমূহে Concentrated বেশি। ইউরোপ ও উত্তর আমেরিকায় যে সকল দেশে বেশী সংখ্যক মুসলিম জনগোষ্টি বসবাস করে সেখানেও হালাল পণ্যের চাহিদা রয়েছে তাছাড়াও পৃথিবীর প্রায় সকল দেশে বিশেষ করে পর্যটক ভ্রমণ করে এমন সকল দেশে হালাল পণ্যের বিশেষ করে খাদ্য পণ্যের মার্কেট রয়েছে। বর্তমান হালাল পণ্যের অন্যতম রপ্তানিকারক দেশ সমূহের মধ্যে অধিকাংশই নন-মুসলিম যেমন ক্রমানুসারে ব্রাজিল, ইন্ডিয়া, চায়না, মার্কিন যুক্তরাষ্ট্র এবং অস্ট্রেলিয়া। উল্লেখ্য মালয়েশিয়া ও তুরস্ক, থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া ও ভিয়েতনাম




বর্তমানে হালাল রপ্তানিতে এগিয়ে যাচ্ছে। বর্তমান হালাল Goods and Products Gi Major Export Destination nj GCC Countries (Saudi Arabia, UAE, Qatar) দক্ষিণ পূর্ব এশিয়ার মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ মালয়েশিয়া ও ইন্দোনেশিয়া এবং ইউরোপ ও উত্তর আমেরিকার Large Muslim Diaspora Populations আছে এমন দেশসমূহ। বাংলাদেশ থেকে বর্তমান প্রায় ৯৪০ মিলিয়ন ডলারের হালাল পণ্য রপ্তানি হয়, যা বিশ্ববাজারের ০.০৫%। প্রধান Destination হল মধ্যপ্রাচ্য এবং Large Muslim Diaspora Population আছে এমন ইউরোপ ও উত্তর আমেরিকায় দেশ সমূহ। প্রধান রপ্তানিকারক কোম্পানি সমূহ হল- Bengal Meat Processing, Pran Group, Golden Harvest, Ahamdullah Agro Foods, Square, Akij and Olympic.

Key Export Categories

- **Meat and Poultry:** Frozen/Chilled Beef, Mutton and Processed poultries.
- **Processed Foods:** Biscuits, Confectionery, Juices and Spices.
- **Fish and Agro Products:** Farmed, Seafood, Dry fish and Packaged Agricultural Commodities.

Global Halal View:



গ্লোবাল হালাল সার্টিফিকেশন:

বিশ্বে হালাল সার্টিফিকেট প্রদানের জন্য একক কোন অথোরিটি নাই, তবে আন্তর্জাতিক হালাল সার্টিফিকেশন সংশ্লিষ্ট সরকার/আঞ্চলিক Accreditation bodies এবং Religious Council দ্বারা পরিচালিত/নির্ধারিত হয়।

বিশ্বের সবচেয়ে গ্রহণযোগ্য হালাল সার্টিফিকেশন অথরিটিগুলো সরকার দ্বারা পরিচালিত এবং Across global market Gi Mutual recognition থাকে। বর্তমান বিশ্বে সমাদৃত হালাল সার্টিফিকেশন অথরিটির মধ্যে–

- JAKIM (Department of Islamic Development Malaysia) Ges BPJPH (Halal Product Assurance Organizing Agency- Indonesia) অন্যতম।
- OIC ভুক্ত দেশ সমূহের জন্য বর্তমান OIC/SMIIC 1.2 ও Standard Series কাজ করছে, JAKIM- Malaysia, BPJPH- Indonesia and BSTI Bangladesh Independent Regulatory wn‡m‡e OIC/SMIIC এর স্বীকৃতি লাভ করেছে।
- The Saudi Accreditation Center (SAAC) OIC/SMIIC-2 এবং GSO (Gulf Standardization Organization)-2055-2 অনুযায়ী OIC ভূক্ত সকল সার্টিফিকেশন বডিকে Accreditation দিয়ে থাকে। SAAC কঠোরভাবে কারিগরি ও শরিয়া আইন অনুসরণ করে থাকে।

৩. বাংলাদেশে হালাল বিষয়ক চলমান কার্যক্রম:

ক. বাংলাদেশে হালাল পণ্য উৎপাদন মূলত বেসরকারি ব্যবসায়ীদের উদ্যোগে শুরু হয়েছে। এক্ষেত্রে Bengal Meat পাইওনিয়ার ছিল। ২০০৭ সালে ইসলামিক ফাউন্ডেশন প্রথম হালাল সনদ প্রদান কার্যক্রম শুরু করে। ২০১১ সালে তারা JAKIM (Department of Islamic Development Malaysia) এর সনদ প্রদানের অনুমতি পায়। ২০২৬ সালে পুনরায় তারা আরও ৩ বছরের জন্য JAKIM এর অনুমোদন পেয়েছে। ইসলামিক ফাউন্ডেশন Saudi Accreditation Center (SAAC) এবং BPJPH (Halal Product Assurance Organizing Agency- Indonesia) এর অনুমোদন লাভের আবেদন করেছে। ইসলামিক ফাউন্ডেশনের কোন নিজস্ব Testing Lab নেই। তারা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন ইঈঝওজ থেকে এবং কিছু কিছু ক্ষেত্রে প্রাইভেট ল্যাব টেস্ট গ্রহণ করে থাকে। ইসলামিক ফাউন্ডেশন এ পর্যন্ত ২৭৬টি প্রতিষ্ঠানের ৬০০ পণ্যকে হালাল সনদ প্রদান করেছে। ইসলামিক ফাউন্ডেশন 'হালাল সনদ নীতিমালা-২০২৩' প্রণয়ন করেছে।

খ. Bangladesh Standards and Testing Institution (BSTI) ২০২১ সালে হালাল সনদ প্রদান সংক্রান্ত গাইডলাইন তৈরি করে OIC/SMIIC Gi Certification অনুমোদন লাভ করে–২০২২ সাল থেকে হালাল সনদ প্রদান শুরু করে। BSTI এর নিজস্ব Testing Lab রয়েছে এবং তারা কারিগরি ও শরিয়া জ্ঞান সম্পন্ন একটি টিমের মাধ্যমে সরেজমিন অডিট সম্পন্ন করে এবং পরবর্তিতে সরকারি-বেসরকারি, কারিগরি ও শরিয়া প্রতিনিধি সহ ১৯ সদস্যের একটি কমিটির মাধ্যমে হালাল সনদ প্রদান করে থাকে। BSTI বর্তমানে SAAC ও BPJPH এর অনুমোদন লাভের অপেক্ষায়। সম্প্রতি BSTI, Halal Testing এর জন্য আধুনিক সুবিধা সহ একটি ল্যাব নির্মাণ করেছে। BSTI এর নিজস্ব Technical জনবল ও বিভিন্ন জেলায়

তাদের অফিস রয়েছে। BSTI এ পর্যন্ত ২৫টি প্রতিষ্ঠানের ২০২টি পণ্যকে হালাল সনদ প্রদান করেছে।

গ. Bangladesh Accreditation Board (BAB) বাংলাদেশে বিভিন্ন পণ্যের মান নির্ধারণের জন্য গঠিত সরকারি ও বেসরকারি ল্যাব সমূহকে Accreditation দিয়ে থাকে। ২০২৬ সালে BAB হালাল ল্যাব Accreditation এর জন্য সৌদি SAAC এর নিকট থেকে ল্যাব Accreditation এর অনুমোদন লাভ করেছে। তারা এখনো কোন প্রতিষ্ঠানের ল্যাবকে Accreditation প্রদান করেনি। BSTI- BAB এর অনুমোদন লাভের জন্য আবেদন করেছে।

ঘ. বাংলাদেশের কোম্পানি সমূহ মূলত রপ্তানির জন্য হালাল সনদ সংগ্রহ করে থাকে। বর্তমানে তাদের ইসলামিক ফাউন্ডেশন ও BSTI দুই প্রতিষ্ঠান থেকেই সনদ নিতে হচ্ছে, এর ফলে এ খাতে খরচ বেশি হচ্ছে এবং সময়ও বেশি লাগছে। BSTI ও ইসলামি ফাউন্ডেশন দুইটি ভিন্ন অথরিটি, অর্থাৎ OIC/SMIIC এবং JAKIM অনুমোদিত সার্টিফিকেট দিয়ে থাকে। এ সকল সার্টিফিকেটসমূহের Mutual Recognition Agreement সম্পর্কে ব্যবসায়ীদের স্বচ্ছ ধারণা না থাকায় তারা দুই প্রতিষ্ঠানের সার্টিফিকেট নিচ্ছে। কিছু কিছু ক্ষেত্রে দুই সংস্থার সার্টিফিকেট কোনটিই তাদের প্রয়োজন মেটায় না, তখন অন্য কোনো দেশ থেকে সার্টিফিকেট সংগ্রহ করতে হয়। অন্যদিকে দুই প্রতিষ্ঠানের মধ্যে সমন্বয়েরও অভাব রয়েছে। গত ১৮ জুলাই, ২০২৬ তারিখ বিসিআই বোর্ডরুমে অনুষ্ঠিত কর্মশালায় ব্যবসায়ীগণ সমস্যাগুলো তুলে ধরেছেন। তারা বলেছেন, দুটি সার্টিফিকেটের মধ্যে কোনটি তাদের জন্য প্রযোজ্য এ বিষয়ে স্বচ্ছ ধারণা না থাকায় তাদের দুই সংস্থার কাছেই যেতে হয়। তারা আরও বলেছেন, সার্টিফিকেট প্রদানে দীর্ঘ প্রক্রিয়া এবং কিছু কিছু ক্ষেত্রে দুইটি প্রতিষ্ঠানের নিকট থেকেই তারা প্রয়োজনীয় সহযোগিতা পান না। কর্মশালায় উপস্থিত অনেকেই বলেছেন, হালাল সার্টিফিকেট প্রাপ্তির উপকারিতা এবং বাধ্যবাধকতা নিয়ে তেমন কোনো প্রচারণা না থাকায় এ বিষয়টি ব্যবসায়ীদের মধ্যে তেমন সাড়া ফেলতে পারেনি।বাংলাদেশে হালাল সনদ প্রদানের জন্য Unity and Standardize Halal Certification Authority নাই এবং হালাল সনদ প্রদান বিষয়ে আন্তর্জাতিক Accreditation ও ব্র্যান্ডিং এর অভাব রয়েছে। বাংলাদেশে হালালকে প্রমোট করার জন্য এখন পর্যন্ত কোন আন্ত:মন্ত্রণালয় সমন্বিত উদ্যোগ লক্ষনীয় নয়। বাংলাদেশের হালাল পণ্যের Farm to Fork Traceability বিষয়ে অবকাঠামো সুবিধা ও Accredited Testing ল্যাব সুবিধা এবং সুপারভিশন সিমাবদ্ধতা রয়েছে এবং এসকল কাজের জন্য দক্ষ ও প্রশিক্ষিত জনবলেরও অভাব রয়েছে।

৪. হালাল পণ্যকে মেইন স্ট্রিম অর্থনীতি/ব্যবসার সাথে যুক্ত করা:

হালাল পণ্যের বিশাল বৈশ্বিক বাজারে বাংলাদেশের অবস্থান ক্রমান্বয়ে বাড়ানো এবং এর পূর্ণ সুফল অর্জন করার জন্য আমাদের অংশগ্রহণ মূলক, লজিক্যাল ও টেকসই কর্মপন্থা গ্রহণ করতে হবে। নিম্নে ধারাবাহিক ভাবে তা এগুলো উল্লেখ করা হল:

ক্র.নং	কাজের বর্ণনা	যভাবে বাস্তবায়ন করা যেতে পারে
ক.	**সরকারি ও বেসরকারি পর্যায়ে সচেতনতা বৃদ্ধি:** হালাল পণ্যের বিশাল সম্ভাবনা স্থানীয় বাজারে ১২৫ বিলিয়ন ডলার, বৈশ্বিক মার্কেট ডিমান্ড বর্তমানে ৫.২ ট্রিলিয়ন ডলার। ২ বিলিয়ন মুসলিম সহ অন্য ধর্মের বিশ্বাসীদের মাঝে বিশুদ্ধতা, ইথিক্যাল স্ট্যান্ডার্ড এর জন্য হালাল পণ্য ক্রমান্বয়ে জনপ্রিয় হচ্ছে। হালাল পণ্যের Annual Compound Growth হল ১২.৪২%। আমাদের জন্য দক্ষিণ-পূর্ব এশিয়ার মুসলিম দেশ সমূহ, মধ্যাপ্রাচ্য এবং ইউরোপ ও উত্তর আমেরিকার মুসলিম Diaspora সমৃদ্ধ দেশসমূহে হালাল পণ্যের চলমান মার্কেট চাহিদা রয়েছে। এ বিষয়টি সরকারের উচ্চ-পর্যায় থেকে সকল স্তরে ও বেসরকারি পর্যায়ে বিভিন্ন ব্যবসা সংগঠনকে বিষয়টি জানানোর মাধ্যমে তাদের হালাল পণ্য উৎপাদন ও রপ্তানি বিষয়ে পজেটিভ দৃষ্টিভঙ্গি সৃষ্টি করা।	শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় প্রাথমিক ভাবে যৌথভাবে এবং ব্যবসায়ী সংগঠণ সমূহকে সম্পৃক্ত করে Across the Government Ges Across the Private Sector কে বিষয়টি ভাল ভাবে তুলে ধরতে পারে। এক্ষেত্রে শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয় লীড মন্ত্রণালয় হতে পারে।
খ.	**হালাল পণ্যকে জাতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্তকরণ এবং হালাল অবকাঠামো নির্মান সহ প্রয়োজনীয় অন্যান্য কাজে সরকারি বরাদ্দ প্রদানের ব্যবস্থা:** চলমান পঞ্চবার্ষিক পরিকল্পনায় এটিকে বিশেষ ভাবে অন্তর্ভুক্তকরণ এবং আসন্ন পঞ্চবার্ষিক পরিকল্পনায় কার্যকর ভাবে জাতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে অগ্রাধিকার হিসেবে চিহ্নত করা। এর ফলে অবকাঠামো উন্নয়নে প্রকল্প গ্রহণ সহজ ও সম্ভব হবে।	পরিকল্পনা মন্ত্রণালয়, সংশ্লিষ্ট শিল্প, বাণিজ্য ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সুপারিশে বিষয়টি জাতীয় পরিকল্পনায় অন্তর্ভুক্ত করবে। অর্থ মন্ত্রণালয় অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় অর্থবরাদ্দ দিবে। সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় বেসরকারি খাতের সংশ্লিষ্ট অংশিজনের মতামত নিতে হবে।

গ.	হালালকে জনপ্রিয় করা এবং হালাল পণ্য উৎপাদন ও রপ্তানির মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান এবং বৈদেশিক মুদ্রা অর্জনের সম্ভাবনাকে সামনে রেখে এখন বর্তমান যে সকল কোম্পানি হালাল পণ্য উৎপাদন ও রপ্তানি করছে তাদের সকলকে সম্পৃক্ত করে একটি Comprehensive জাতীয় হালাল নীতি তৈরী করতে হবে।	শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, ধর্ম মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, এবং বেসরকারি সংশ্লিষ্ট সকলকে নিয়ে একটি জাতীয় হালাল পণ্য উৎপাদন ও রপ্তানি নীতি তৈরী করতে হবে। শিল্প মন্ত্রণালয় এ ক্ষেত্রে খবধফ মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় Co-Lead মন্ত্রণালয় হিসাবে কাজ করতে পারে।
ঘ.	**রপ্তানি বহুমুখি করণের অন্যতম প্রধান খাত হিসাবে হালালকে স্বীকৃতি দিয়ে হালাল পণ্য উৎপাদন ও রপ্তানিতে প্রয়োজনীয় কর ছাড় ও রপ্তানি প্রনোদনা দিয়ে এ খাতকে দাড় করানোর চেষ্টা করতে হবে।** এর জন্য ১০-১৫ বছর মেয়াদী একটি স্থিতিশীল সাপোর্ট ও ইনসেনটিভ পরিকল্পনা উপস্থাপন করতে হবে।	বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড প্রয়োজনে অন্যান্য হালাল রপ্তানি কারক দেশ সমূহের অভিজ্ঞতা কাজে লাগিয়ে এ ক্ষেত্রে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। হালাল পণ্য রপ্তানি বিষয়ে বিশেষ সহযোগিতা দানের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরোতে হালাল পণ্য রপ্তানি ইউনিট চালু করা যেতে পারে। প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ ক্ষেত্রে প্রয়োজনীয় ভূমিকা রাখতে পারবে।


৫. হালাল সার্টিফিকেশন- আমাদের করণীয়:

ক্র.নং	কাজের বর্ণনা	যভাবে বাস্তবায়ন করা যেতে পারে
ক.	**একটি একক ও স্বাধীন হালাল ডেভেলপমেন্ট অথরিটি গঠন:** হালাল পণ্যের রপ্তানির ক্ষেত্রে গুরুত্বপূর্ণ হল আন্তর্জাতিক ভাবে স্বীকৃতি এবং যে দেশ সার্টিফিকেট দিবে সে দেশের সরকারের কার্যকর অনুমোদন। শরিয়া আইন, ইথিক্যাল স্ট্যান্ডার্ড ও উপযুক্ত কারিগরি মান বজায় রেখে হালাল পণ্য উৎপাদন, হালাল পণ্যের মার্কেটে বিশ্বাসযোগ্য ও গ্রহণযোগ্য হালাল সার্টিফিকেট দিয়ে হালাল পণ্য রপ্তানি, দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ ও সমন্বয় সর্বোপরি হালাল পণ্যের হাব হিসেবে একক ভাবে বাংলাদেশকে ব্র্যান্ডিং করার নিমিত্ত **বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি** নামে একটি স্বতন্ত্র ও স্বাধীন অথরিটি গঠন করা প্রয়োজন। এ কাজটি যত দ্রুত করে বাস্তবায়ন করা যাবে বাংলাদেশের জন্য ততই মঙ্গল। উল্লেখ্য বর্তমানে ইসলামী ফাউন্ডেশন ও BSTI এর পৃথক সার্টিফিকেশন ব্যবস্থা উদ্যোক্তাদের, বিদেশি ক্রেতাদের বিশ্বাসযোগ্যতা অর্জন ও একক বাংলাদেশে ব্র্যান্ডিং এ সমস্যা সৃষ্টি করছে।	শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় যৌথ উদ্যোগ নিয়ে একটি সুসমন্বিত আইনের মাধ্যমে কার্যপরিধি নির্দিষ্ট করে এ বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি গঠণ করতে পারে। শিল্প মন্ত্রণালয় এক্ষেত্রে লীড মন্ত্রণালয় হিসেবে কাজ করতে পারে। প্রয়োজনে সরকারের উচ্চ-পর্যায় থেকে এ বিষয়টি তদারকি করার ব্যবস্থা নিতে হবে।
খ.	বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটিকে OIC/SMIIC, JAKIM, BPJPH ও SAAC এর Accreditation, ও Recognition গ্রহণ করতে হবে।	প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজ করবে। প্রয়োজনে শিল্প, বাণিজ্য ও পররাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় সহযোগিতা করবে।
গ.	মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, UAE, সৌদি আরব, কাতার ইত্যাদি দেশের সার্টিফিকেশন অথরিটির সাথে Mutual Recognition Agreement (MRA) করা।	প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট লাইন মন্ত্রণালয় এ ক্ষেত্রে সহযোগিতা করতে পারে।
ঘ.	ইউরোপ ও উত্তর আমেরিকার মুসলিম মেজরিটি Diaspora মার্কেটের জন্য American Halal Foundation (AHF) এর সাথে MRA করা।	প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট লাইন মন্ত্রণালয় এ ক্ষেত্রে সহযোগিতা করতে পারে।
ঙ.	বর্তমানে যারা হালাল সার্টিফিকেট প্রদান করে যেমন BSTI ও ইসলামিক ফাউন্ডেশন এর কাজকে তদারক করা এবং তাদের কাজকে অব্যহত রাখা।	নতুন বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি Functional না হওয়া পর্যন্ত BSTI ও ইসলামিক ফাউন্ডেশন নিজ নিজ এখতিয়ারে হালাল সনদ নিয়ে কাজ করবে।

চ.	সার্টিফিকেশন প্রক্রিয়ার জন্য কারিগরি জ্ঞান সম্পন্ন এবং ধর্মীয় ও শরিয়া অনুশাসন পালনের জন্য Expert পুল গঠন।	প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজ করবে। প্রয়োজনে BSTI ও ইসলামিক ফাউন্ডেশন এর সহযোগিতা গ্রহণ করবে।
ছ.	**নকল ও প্রতারণা প্রতিরোধ:** বাংলাদেশ থেকে হালাল লোগো লাগিয়ে কোন পণ্য বিদেশে যেতে হলে বাংলাদেশ হালাল বোর্ডের অনুমোদিত লোগো ও সার্টিফিকেট লাগবে। নতুন বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি না হওয়া পর্যন্ত BSTI ও ইসলামিক ফাউন্ডেশন এর অনুমোদিত লোগো ও সার্টিফিকেট ব্যবহার করতে হবে। কেউ যদি এর ব্যত্যয় ঘটায় তার জন্য বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি গঠন আইনে সুনির্দিষ্ট শাস্তির ব্যবস্থা রাখতে হবে।	শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং নবগঠিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজ করবে। প্রয়োজনে জেলা প্রশাসনের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
জ.	পর্যায়ক্রমে Automated Digital Certification ব্যবস্থায় রুপান্তরের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।	প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি, BSTI ও ইসলামিক ফাউন্ডেশন এ কাজ করবে। এ কাজে ICT মন্ত্রণালয় প্রয়োজনীয় সহযোগিতা করবে।
ঝ.	Traceability সহ কাঁচামাল সংগ্রহ, মজুদ, উৎপাদন, সরবরাহ এবং ভোক্তা পর্যন্ত পৌছানো সকল স্তরে হালাল Standard মেনে চলার মানসিকতা ও সকল ধাপ মেনে হালাল সার্টিফিকেট দেয়া ও নেয়া এমন পরিবেশ সৃষ্টি করা।	প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এবং সংশ্লিষ্ট ব্যবসায়ী সংগঠণের নেতৃবৃন্দ যৌথভাবে এটি বাস্তবায়নের উদ্যোগ নিবে।

নোট: একটি একক ও স্বাধীন বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটির কার্যক্রম নির্দেশক মডেল:

Spirituality, Integrity, Specialty, Stakeholder Approach (SISSA) is required for Credible Halal Certification.



এই কাঠামোর কেন্দ্রে থাকবে একটি শক্তিশালী ও স্বাধীন বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি, যা প্রধান অথরিটি হিসেবে দায়িত্ব পালন করবে। এই অথরিটির মূল দায়িত্ব হবে সকল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মধ্যে ন্যায়বিচার (আদল) প্রতিষ্ঠা করা এবং একটি সুশৃঙ্খল ও জবাবদিহিমূলক ব্যবস্থা গড়ে তোলা।

এই মডেলের ভিত্তি দাঁড়িয়ে আছে তিনটি মৌলিক ইসলামী নীতির উপর:

১. ইখলাস (নিয়তের বিশুদ্ধতা)– সকল কার্যক্রম আল্লাহর সন্তুষ্টির জন্য পরিচালিত হতে হবে।

২. আমানাহ (দায়িত্ববোধ)– হালাল সার্টিফিকেশন একটি আল্লাহপ্রদত্ত দায়িত্ব, যা সততার সাথে পালন করতে হবে।

৩. তাকওয়া (আল্লাহভীতি) – প্রতিটি সিদ্ধান্ত ও কার্যক্রমে আল্লাহর কাছে জবাবদিহিতার অনুভূতি থাকতে হবে।

হালাল সার্টিফিকেশন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের মনগড়া ধারণা নয়; বরং এটি কুরআন-প্রদত্ত একটি আমানত, যার যথাযথ বাস্তবায়নের জন্য জবাবদিহিতা ও নৈতিকতা অপরিহার্য। হালাল পণ্যের বহুমুখীকরণ (diversification), বিশেষ করে রপ্তানি খাতে, একটি জটিল ও দীর্ঘমেয়াদি প্রক্রিয়া। এই প্রক্রিয়াকে সফল করতে হলে চারটি উপাদান একত্রে কাজ করতে হবে:

(ক) শরিয়াহভিত্তিক স্পিরিচুয়ালিটি

(খ) ইন্টেগ্রিটি (নৈতিকতা ও স্বচ্ছতা)

(গ) স্পেশালাইজড জ্ঞান

(ঘ) স্টেকহোল্ডার অংশগ্রহণ।

এই মডেলকে কার্যকর করতে হলে একটি সমন্বিত (integrated) কাঠামো গড়ে তুলতে হবে, যাতে কোনো ধরনের ফাঁকফোকর না থাকে। পাশাপাশি, শরিয়াহ ও বিজ্ঞানভিত্তিক প্রতিষ্ঠানের বাইরে থাকা অন্যান্য বিশেষজ্ঞ ও আগ্রহী স্টেকহোল্ডারদেরও অন্তর্ভুক্ত করতে হবে। এই অংশগ্রহণমূলক পদ্ধতিকে বলা যায় "সমষ্টিগত অংশীদারিত্ব" বা স্টেকহোল্ডার অ্যাপ্রোচ।

৬. হালাল অবকাঠামো উন্নয়ন:

ক্র.নং	কাজের বর্ণনা	যভাবে বাস্তবায়ন করা যেতে পারে
ক.	**হালাল পণ্যের Testing করার জন্য আন্তর্জাতিক স্বীকৃত Accredited Testing ল্যাব স্থাপন:** সরকারি – বেসরকারি পর্যায়ে পর্যাপ্ত Accredited Testing ল্যাব স্থাপনের জন্য সরকারের তরফ থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।	কৃষি এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এ বিষয়ে পরামর্শ দিতে পারে। ইতোমধ্যে BSTI আধুনিক ল্যাব স্থাপন করেছে। তাদের ইঅই থেকে Accreditation নিতে হবে এবং বেসরকারি পর্যায়ে মান সম্পন্ন Testing ল্যাব স্থাপনের জন্য ইঅই Accreditation এর বিষয়টি বিবেচনা করবে। শিল্প মন্ত্রণালয় বিষয়টি তদারকি করতে পারে। প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজে প্রয়োজনীয় সহযোগিতা করবে।
খ.	কাঁচামাল সংগ্রহ, উৎপাদন, Distribution এবং Consumer পর্যায়ে পৌছা পর্যন্ত Traceability কঠোর ভাবে নিয়ন্ত্রনের জন্য প্রয়োজনীয় বিনিয়োগ, Digital ও Blockchain পদ্ধতি প্রবর্তন।	ICT মন্ত্রণালয় এবং প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজ করবে। এ সকল খোতের অবকাঠামো ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহে প্রাইভেট সেক্টরকে বাংলাদেশ ব্যাংক কনসেশনাল ঋণ দিতে পারে।
গ.	বন্দর সমূহে হালাল পণ্যের পরীক্ষা করার সুবিধার জন্য স্থল বন্দর, নৌ বন্দর ও বিমান বন্দর সমূহে BSTI/বেসরকারি Accredited টেস্টিং ল্যাব স্থাপন।	জাতীয় রাজস্ব বোর্ড ও BSTI এবং প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজ করবে। এ কাজে প্রাইভেট সেক্টর এগিয়ে আসলে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কনসেশনাল ঋণ দিতে পারে।
ঘ.	বিদ্যমান EPZ বা EZ এ হালাল পণ্য উৎপাদনের জন্য পৃথক জোন করে উদ্যোক্তাদের উৎসাহিত করতে হবে এবং পর্যায়ক্রমে হালাল শিল্প পার্ক স্থাপন করতে হবে।	শিল্প মন্ত্রণালয় ও বাণিজ্য মন্ত্রণালয় এ কাজ করবে। পরিকল্পনা মন্ত্রণালয় এ ধরনের প্রকল্প গ্রহণে সহায়তা দিয়ে এবং অর্থ মন্ত্রণালয় ঋণ প্রদান সহ কর অবকাশ সুবিধা প্রদান করবে। BIDA এবং প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ কাজে প্রয়োজনীয় সহযোগিতা করবে।
ঙ.	**হালাল অবকাঠামো নির্মানে FDI আহবান:** হালাল মার্কেটের জন্য গুরুত্বপূর্ণ দেশ যেমন- সৌদি আরব, UAE, কাতার, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, মালদ্বীপ, চীন, থাইল্যান্ড, তুরস্ক, ভারত, দক্ষিন কোরিয়া, যুক্ত রাজ্য ইত্যাদি দেশের বাংলাদেশে অবস্থিত মিশন প্রধানদের সাথে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ করে আমাদের হালাল অবকাঠামো নির্মানে সহযোগিতা প্রদানের আহবান জানাতে হবে।	হালাল অবকাঠামো নির্মানে আকর্ষনীয় প্রনোদনা দিয়ে FDI আকর্ষনের উদ্যোগ নিতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় এক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগীতা করতে পারে। প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ ধরনের সুযোগ Explore করতে পারে।

৭. দক্ষ জনবল তৈরি:

ক্র.নং	কাজের বর্ণনা	যভাবে বাস্তবায়ন করা যেতে পারে
ক.	হালাল পণ্য পরীক্ষা, উৎপাদন প্রক্রিয়া, সরেজমিন পরিদর্শন ও অডিট, শরিয়া আইন অনুযায়ী প্রসেসিং, ডিজিটাল মার্কেটিং ইত্যাদি খাতের জন্য দক্ষ জনবল তৈরী করতে হবে। প্রাথমিক পর্যায়ে সরকারি ও বেসরকারি পর্যায়ে বিদ্যমান জনবলকে উপযুক্ত করে গড়ে তোলার জন্য on the job training, apprenticeship training এবং internship প্রোগ্রামের মাধ্যমে দক্ষ জনবল তৈরীর উদ্যোগ নিতে হবে।	এ ক্ষেত্রে আমরা প্রাথমিক পর্যায়ে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া তুরস্ক থেকে এক্সপার্ট এনে সরকারি-বেসরকারি সেক্টরের আমাদের বিদ্যমান জনবলকে train করতে পারি। আমাদের কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ে এ ধরনের কারিকুলাম চালু করে পর্যায়ক্রমে সকল বিষয়ে দক্ষ জনবল তৈরীর দিকে এগিয়ে যেতে হবে। শিল্প মন্ত্রণালয় এ বিষয়ে লীড ভূমিকা নিতে পারে।
খ.	প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা পর্যায়ে (স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়সমূহে) হালাল পণ্য সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা অত্যন্ত জরুরি। বিশেষ করে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ইসলামিক ও হালাল মার্কেটিং, হালাল সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট এবং হালাল সায়েন্স বিষয়ক বিশেষায়িত কোর্স চালু করা প্রয়োজন। পর্যায়ক্রমে এসব বিষয়ে উচ্চতর গবেষণা কার্যক্রম যেমন স্নাতক পর্যায়ের ডিজার্টেশন, স্নাতকোত্তর গবেষণা এবং পিএইচডি প্রোগ্রাম চালু করা যেতে পারে। এ ধরনের উদ্যোগ বর্তমান ও ভবিষ্যতে দক্ষ হালাল মানবসম্পদ গড়ে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিশেষত শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিজনেস ফ্যাকাল্টিতে ইসলামিক ও হালাল মার্কেটিং এবং হালাল সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট শিরোনামে ৩ থেকে ৬ ক্রেডিটের কোর্স অন্তর্ভুক্ত করা যেতে পারে। একইভাবে সায়েন্স ফ্যাকাল্টিতে হালাল সায়েন্স বিষয়ক ৩ থেকে ৬ ক্রেডিটের কোর্স চালু করা সম্ভব। মার্কেটিং, ব্র্যান্ডিং, ভোক্তা আচরণ এবং রপ্তানি বিষয়ক জ্ঞান ব্যবসায় শিক্ষা বিভাগের অন্তর্ভুক্ত; অন্যদিকে জেনেটিক্যালি মডিফাইড অর্গানিজম (GMO), হালাল কেমিক্যাল অ্যাডিটিভস, অ্যালকোহল শনাক্তকরণসহ বিভিন্ন পরীক্ষামূলক বিষয় বিজ্ঞান বিভাগের অন্তর্ভুক্ত। তাই হালাল রপ্তানি উন্নয়নে বাণিজ্য ও বিজ্ঞান–উভয় ডিসিপ্লিনই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।	এই উদ্যোগ বাস্তবায়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় এবং ধর্ম মন্ত্রণালয়কে সমন্বিতভাবে কাজ করতে হবে। যেহেতু বিষয়টি মূলত মানবসম্পদ উন্নয়নের সাথে সংশ্লিষ্ট, তাই শিক্ষা মন্ত্রণালয় এই ক্ষেত্রে প্রধান ভূমিকা পালন করতে পারে।

৮. হালাল পণ্যের রপ্তানি বৃদ্ধি:

ক্র.নং	কাজের বর্ণনা	যভাবে বাস্তবায়ন করা যেতে পারে
ক.	হালাল পণ্যের রপ্তানি বৃদ্ধির জন্য আমাদের বর্তমান বিদ্যমান মার্কেট যেমন- দক্ষিণ-পূর্ব এশিয়ার মুসলিম দেশ, বিশেষ করে মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, মালদ্বীপ, মধ্য প্রাচ্যের যে সকল দেশে বাংলাদেশি মানুষ বেশি কাজ করে যেমন- সৌদি আরব, টঅউ, কাতার এবং ইউরোপ ও উত্তর আমেরিকার যে সকল দেশে অধিক সংখ্যক মুসলিম Diaspora আছে প্রাথমিক ভাবে এ সমস্ত দেশে হালাল পণ্যের মধ্যে আমাদের যে সকল পণ্য ও সেবা তৈরীতে Comparative and competitive advantage আছে এ সমস্ত পণ্যসমূহ চিহ্নিত করতে হবে এবং এ সকল দেশর সাথে হালাল Standard এর বিষয়ে আমাদের Mutual Recognition Agreement (MRA) করতে হবে। এ সমস্ত দেশে আমাদের সরকার ও বেসরকারি প্রতিষ্ঠান মিলে বাংলাদেশ ব্র্যান্ডিং এর কাজ করতে হবে।	বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, এ সকল দেশে বাংলাদেশে মিশনসমূহ এবং রপ্তানিকারক প্রতিষ্ঠান সমূহের সংগঠণ এ কাজে সুনির্দিষ্ট নিয়ে এগিয়ে যেতে হবে।

খ.	Malaysian Collaboration: মালয়েশিয়া গত ১০ বছর যাবৎ Global Islamic Economy Indicator এ ১ নাম্বারে আছে। গত ২২ জুন, ২০২৬ তারিখ বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রীর মালয়েশিয়া সফরের সময় মালয়েশিয়া ও বাংলাদেশে যৌথভাবে হালাল ইকোসিস্টেম গড়ে তোলার জন্য একটি যৌথ বিবৃতি স্বাক্ষর হয়েছে। একটি পরিসংখ্যানে দেখা যায় ২০৩০ সাল নাগাদ বাংলাদেশ থেকে মালয়েশিয়া ৮-১০ বিলিয়ন ডলারের হালাল পণ্য রপ্তানি করা সম্ভব। আমাদের মালয়েশিয়ার HDC এবং JAKIM এর সাথে Joint Collaboration এর মাধ্যমে কারিগরি জ্ঞান Mutual Recognition of Certification পেতে পারি এবং তাদের হালাল অর্থনীতির অভিজ্ঞতা আমরা কাজে লাগাতে পারি। এর মাধ্যমে আমাদের উৎপাদিত পণ্য অন্য দেশে রপ্তানি করতে পারে।	পররাষ্ট্র মন্ত্রণালয়,বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, মালয়েশিয়ায় অবস্থিত বাংলাদেশ মিশন এবং মালয়েশিয়ায় অবস্থিত বাংলাদেশি Diaspora এ ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে।
গ.	হালাল মার্কেটের জন্য গুরুত্বপূর্ণ দেশ যেমন- সৌদি আরব, UAE, কাতার, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, মালদ্বীপ, চীন, থাইল্যান্ড, তুরস্ক, ভারত, দক্ষিণ কোরিয়া, যুক্তরাজ্য ইত্যাদি দেশের বাংলাদেশে অবস্থিত মিশন প্রধানদের সাথে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে যোগাযোগ করে আমাদের হালাল পণ্য রপ্তানিতে সহযোগিতা প্রদানের আহবান জানাতে হবে।	পররাষ্ট্র মন্ত্রণালয় এক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগীতা করতে পারে। প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এ ধরনের সুযোগ Explore করতে পারে।
ঘ.	রপ্তানি পণ্যের প্রচার ও প্রসারের জন্য বাংলাদেশে আন্তর্জাতিক মেলার আয়োজন এবং বাংলাদেশ কর্তৃক হালাল পণ্যের বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ।	বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সংশ্লিষ্ট দেশে বাংলাদেশে মিশনসমূহ এবং সংশ্লিষ্ট বাণিজ্য সংগঠণ এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।
ঙ.	**হালাল পণ্য রপ্তনির জন্য পণ্য ভিত্তিক HS Code অনুসরণ করে Halal Code নির্ধারণ:** NBR ও বাণিজ্য মন্ত্রণালয় এ ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।	NBR ও বাণিজ্য মন্ত্রণালয় এ ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।
চ.	**হালাল চ্যাম্পিয়ন নির্ধারণ করে পুরস্কার প্রদান:** প্রতিবছর হালাল পণ্য রপ্তানিতে যারা অগ্রণী ভূমিকা পালন করবে তাদের হালাল চ্যাম্পিয়ন হিসাবে চিহ্নিত করে CIP মর্যাদায় পুরস্কার প্রদান।	বাণিজ্য মন্ত্রণালয় ও রপ্তানি উন্নয়ন ব্যুরো এ কাজটি করতে পারে। বছরের শুরুতে এ ধরনের ঘোষনা দিয়ে স্বচ্ছ প্রক্রিয়ায় তা নির্ধারণ করতে হবে। প্রস্তাবিত বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি এক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারবে।

উপসংহার:

বাংলাদেশের রপ্তানি বহুমুখীকরণে এবং বাংলাদেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশে হালাল পণ্য উৎপাদন ও রপ্তানি একটি বড় সুযোগ। এ কাজটি বর্তমানে প্রাইভেট সেক্টর তাদের প্রয়োজন অনুযায়ী করছে এবং ইঝঞও ও ইসলামিক ফাউন্ডেশন এবং দেশী-বিদেশী বেসরকারি ল্যাব সমূহ তাদের সহযোগীতা করে যাচ্ছে। আমাদের বর্তমান বিদ্যমান বাজারে প্রবেশ বড়ানো এবং আরও নতুন বাজারে প্রবেশ এবং স্থানীয় বাজার এবং ব্যবসায়ীদের মাঝে আরও আগ্রহ সৃষ্টির জন্য হালাল পণ্য জনপ্রিয়করণে সরকারের তরফ থেকে সক্রিয় অংশগ্রহণ ও সহযোগীতা প্রয়োজন। শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় এ ক্ষেত্রে প্রাথমিক পরিকল্পনা সমূহ তৈরী করে, পরিকল্পনা মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ের সহায়তায় কাজ সমূহ এগিয়ে নিয়ে যেতে পারে। হালাল পণ্য সংক্রান্ত যে কোন পরিকল্পনা গ্রহণ ও কার্যক্রম গ্রহণে সংশ্লিষ্ট ব্যবসায়ী নেতৃবৃন্দ ও বেসরকারি বাণিজ্য সংগঠণ সমূহকে সাথে নিয়ে এগুলো ভাল ফল পাওয়া যেতে পারে। বর্তমান হালাল পণ্যের বাজার দক্ষিণ পূর্ব এশিয়া ও মধ্য প্রাচ্যে অধিক কনসেনট্রেটেড। সেই ক্ষেত্রে হালাল পণ্য রপ্তানির সুযোগকে কাজে লাগানো আমাদের পক্ষে সহজ। হালাল পণ্যের বৈশ্বিক বাজারে আমাদের অবস্থান শক্তিশালি করতে হলে স্থানীয় বাজারেও এর একটা ভাল অবস্থান নিয়ে আসতে হবে। সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়, প্রাইভেট সেক্টর, একাডেমিয়া সকলে মিলে একটি সমন্বিত হালাল পলিসি তৈরী করে আমাদের এগোতে হবে। চলমান কার্যক্রমগুলোকেও অব্যাহত রাখতে হবে। হালাল সংশ্লিষ্ট সকল কাজ সমন্বয় করে হালালকে একটি পর্যায়ে এগিয়ে নিতে একটি স্বতন্ত্র ও একক বাংলাদেশ হালাল ডেভেলপমেন্ট অথরিটি গঠণ দ্রততম সময়ের মধ্যে করা আবশ্যক। হালাল পণ্য উৎপাদন ও রপ্তানিতে যারা বিনিয়োগ করবে তাদের জন্য ১০ থেকে ১৫ বছরের একটি পলিসি সার্পোট ও ইনসেনটিভ প্লান থাকার প্রয়োজন রয়েছে এবং আমাদের সামগ্রিক সক্ষমতা বিবেচনায় নিয়ে সুনির্দিষ্ট লক্ষ স্থির করে ২০৩৪ এবং ২০৪০ মেয়াদে একটি ভিশন প্লান করা যেতে পারে।



Reading the Industrial Pulse: The BIDS-BCI Industry 100 Index

Dr. Kazi Iqbal

> The Data Gap in Bangladesh's Economy: Despite rapid industrial growth, Bangladesh lacks timely, high-frequency economic data. Existing metrics (like GDP estimates or trade data) arrive with long lags or capture partial transactions, forcing policymakers to rely on lagging anecdotes rather than real-time business insights.

Why we know so little about Bangladesh's business cycle

Bangladesh has spent five decades building one of the fastest-growing industrial economies in South Asia. It has not, in that time, built the instrument that every industrial economy eventually needs: a timely, credible reading of what the business situation actually is in short period.

The gap is easy to overlook because we are not short of numbers. We have national accounts, quantum indices of industrial production, export receipts, import letters of credit, credit growth, tax collections. What we lack is any of it soon enough, or at a frequency that matches the speed at which firms actually make decisions. GDP estimates arrive with long lags and are revised substantially. Production indices rest on samples and weights that have aged. Trade and banking data are informative but partial — they capture the transaction, not the real economy. When a shock hits, whether it is an energy shortage, a currency adjustment, a demand slump in a buyer market, or a political disruption, policymakers and industry leaders are left reading the same anecdotes: what a handful of well-connected factory owners say at a seminar, what one association reports about its own members, what the newspapers pick up.

That is not a statistic. It is sentiment about sentiment.

The cost of the gap is real and mostly invisible. Monetary policy is set without a contemporaneous read on whether industrial demand is tightening or loosening. Fiscal decisions on support measures arrive late because the evidence of distress arrives late. Industry associations lobby with case studies rather than with defensible aggregates. Firms themselves plan hiring and capacity in the dark about whether their own experience is idiosyncratic or systemic — a distinction that changes the decision entirely. And researchers cannot answer basic questions that are settled elsewhere: how long is a downturn in Bangladeshi manufacturing, how much do orders lead employment, do input costs pass through to output and overall inflation within a quarter or three.

Almost every major economy solved this issue the same way, and solved it early. To this end, Bangladesh Institute of Development Studies (BIDS) has partnered with Bangladesh Chamber of Industries (BCI) to construct this index.

What the index measures

The Index is built on a quarterly survey of a panel of 100 medium and large manufacturing establishments. Each round produces four separate indices rather than a single headline number:

Output. Production volumes and order books — the closest thing to a direct read on industrial activity.

Input. Raw materials, energy, imported intermediates: availability and cost pressure.

Jobs. Employment and hours. Labor responses are the slowest-moving and, for that reason, the most informative about how firms read the persistence of a shock.

Business sentiment. Forward expectations over the coming quarter — the component that carries most of the leading-indicator content.

Keeping the four separate is a deliberate choice. A single composite would be tidier to report but would conceal the diagnostically important cases: output holding up while input costs bite, or employment falling while sentiment recovers. Those divergences are where the policy content lives.

> A New Quarterly Index: To solve this, the Bangladesh Institute of Development Studies (BIDS) and the Bangladesh Chamber of Industries (BCI) have launched a quarterly survey of 100 medium and large manufacturing establishments, tracking four distinct components: Output, Input, Jobs, and Business Sentiment.

The sampling method

Business surveys in this region fail for a predictable reason. They are built from convenience samples — whoever answers, whoever is nearby, whoever the association happens to nominate. The resulting series moves, and it can be plotted, but it cannot be interpreted, because there is no defensible statement about the population it represents. Movement in such an index cannot be distinguished from movement in who happened to respond.

The Industry 100 panel is constructed to avoid exactly this. We began by approaching industry associations across the major manufacturing sub-sectors and asking each for a list of its medium and large member factories. That list is the sampling frame: an





enumerated population, not a contact book. Associations supplied the frame; they did not choose the sample.

From that frame, firms were selected by random draw. This is the step that separates a statistical index from an opinion poll of the well-connected. Every eligible establishment in the frame had a known chance of selection, which means the resulting panel supports inference back to the population of medium and large manufacturers, and means the index moves because industrial conditions moved — not because a different set of firms picked up the phone this quarter.

We are oversampling by approximately 50 per cent. Firm surveys attrit: factories decline, ownership changes, the designated respondent leaves, plants suspend operations. Drawing roughly half again as many establishments as the target panel size means the achieved panel can be maintained at full strength without resorting to ad hoc substitution — the practice that quietly destroys the representativeness of most firm panels within a few rounds. Replacements, where needed, come from the randomly drawn reserve, not from whoever is convenient.

The panel is also designed to be a panel: the same establishments, round after round. Repeated measurement on the same firms removes the composition effects that contaminate cross-sectional surveys and allows genuine change to be distinguished from churn in the sample.

> Rigorous Sampling and Statistical Integrity: Unlike traditional convenience-sampled surveys, this initiative uses a robust sampling frame drawn from industry associations and selected via random draw. With a 50% oversampling strategy and repeated measurement of the same firms, it ensures genuine, credible representation of the industrial sector.

Where the work stands

Fieldwork is under way. Enumeration of the first round is being completed, and the initial results — the four indices, with a description of the panel and the methodology in full — will be published at the end of September.

A first round establishes a baseline. The value of an index of this kind accumulates: the second round gives a direction, the fourth gives a year, and it is only after several years of consistent quarterly measurement that we will be able to say with confidence what a Bangladeshi industrial downturn looks like — how deep, how long, which components turn first. That is the horizon this exercise is built for. The discipline it requires is unglamorous and non-negotiable: the same firms, the same questions, the same quarter-on-quarter reference period, published on schedule whether the reading is comfortable or not.

Industry associations have a direct stake in that discipline holding. The credibility of what the index eventually says about sectors rest on the continued participation of the factories that were drawn. The index needs the full support from the business community for its success.

The writer of this article is the Research Director at the Bangladesh Institute of Development Studies (BIDS). Holding a Ph.D. from the University of Washington, he previously consulted for the World Bank and taught globally. Specializing in development economics, he has published widely and serves on multiple Bangladesh government technical committees.

Area of Specialization

Primary: Development Economics, Macroeconomics,

Secondary: Financial Economics, Applied econometrics

Quarterly Report

Key Activities and Initiatives of the Bangladesh Chamber of Industries (BCI) — Q3 2026 (July–September)

July 9, 2026 | Stakeholder Consultation on Electrical & Electronics Industries



A stakeholder consultation meeting was held at the BCI Boardroom to discuss the "Challenges and Opportunities of the Electrical and Electronics Industries of Bangladesh." The meeting was presided over by Mr. Abul Kalam Bhuiyan, Director of BCI and Co-Chair of the BCI Standing Committee on Light Engineering and Backward Linkage Industries. Representatives from relevant government offices, trade associations, and chambers attended the session to discuss strategies for increasing exports and to address the current challenges facing both sectors.

July 18, 2026 | Workshop on "Halal for Export Diversification"





BCI organized a follow-up workshop titled "Halal for Export Diversification" at the BCI Boardroom. The event brought together representatives from government offices, trade associations, chambers, and the media. Mr. Hasan Arif, Vice Chairman and CEO of the Export Promotion Bureau (EPB), attended as the Guest of Honor. Dr. Md. Mominul Islam, Assistant Professor at IUBAT and a Halal industry expert, presented the keynote paper, which outlined a roadmap for utilizing Bangladesh's Halal export potential. Designated discussants included Mr. Sabbir Ahmed Khan (former President, Bangladesh–Malaysia Chamber of Industry and Commerce) and Mr. Md. Din Islam (Professor of Economics, University of Dhaka). The workshop was presided over by BCI President Mr. Anwar-ul Alam Chowdhury (Parvez). Participants agreed that Halal products and services represent a vital new frontier for Bangladesh's manufacturing and export sectors, and a comprehensive policy guideline was drafted based on stakeholder feedback.

July 28, 2026 | 2nd Stakeholders' Meeting on the BIDS-BCI Industry 100 Index







BCI hosted its second stakeholders' meeting to review the progress of the "BIDS-BCI Industry 100 Index." Presided over by BCI President Mr. Anwar-ul Alam Chowdhury (Parvez), the meeting featured Prof. Dr. AKM Anamul Haque, Director General of BIDS, as the Guest of Honor. Dr. Kazi Iqbal, Research Director at BIDS, presented the updates and challenges of the ongoing research. Business leaders across various sectors committed their full support to the survey team. The BCI President expressed optimism that this quarterly index will provide authentic, actionable data on the state of the manufacturing industry to benefit all stakeholders.

August 23, 2026 | Official Meeting with the Honorable Commerce Minister



